দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 2 1 1999
পৃষ্ঠা ২৮ কলাম ৪

164

# বিএম কলেজের অধ্যক্ষসহ ৫ জন শিক্ষক -ওএসডি

**বরিশাল অফিস ॥** সরকারী বি এম কলেজের অধ্যক্ষসহ ৫ জন শিক্ষককে ওএসডি হিসাবে বদলি করা হইয়াছে। তাঁহারা হইতেছেন- অধ্যক্ষ সাইদুল ইসলাম, প্রাণীবিদ্যা বিভাগের প্রধান খান হাবিবুর রহমান, ইতিহাসের প্রভাষক অলিউল ইসলাম, সমাজ বিজ্ঞানের প্রধান আমীর হোসেন ও ইতিহাসের প্রভাষক শেখ

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ওএসডি

(শেষ পৃষ্ঠার পর)

সাদেক জাহিদুল ইসলাম। তাঁহাদের অবিলম্বে শিক্ষা অধিদফতরে রিপোর্ট করিতে বলা হইয়াছে। গত ২৬শে মার্চ ক্যাম্পাসে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে স্বাধীনতা আন্দোলনের বিকৃত ইতিহাস উপস্থাপনের প্রতিবাদে ছাত্রলীগ (বা-অ) খান হাবিব ও অলিউলের শাস্তি দাবী করে। অধ্যক্ষ ব্যবস্থা গ্রহণে বিলম্ব করায় এই তিনজনকে ক্যাম্পাসে ছাত্রলীগ অবাঞ্ছিত ঘোষণা করে। অধ্যক্ষের কক্ষে তালা ঝুলাইয়া দেওয়া হয় এবং খান হাবিবের বাসায় ভাঙচুর করা হয়। শিক্ষা বিভাগ ঐ তিনজনকে এই কারণে ওএসডি করে। শেষোক্ত ২ জন শিক্ষককে ওএসডি করার কারণ জানা যায় নাই। তবে একটি সূত্র জানায়, তাহারা শিক্ষক কোন্দলের শিকার হইয়াছেন। এদিকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষিত শিক্ষক পরিষদের সম্পাদক ও পদার্থবিদ্যা বিভাগের প্রধান ইউসুফ আলী খানের বিরুদ্ধে এখনও কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। তাহার বিরুদ্ধে অভিযোগ, তিনি ইতিহাস বিকৃতকারী দুই শিক্ষকের পক্ষ সমর্থন করিয়াছিলেন। ছাত্রলীগের কতিপয় কর্মী তাহাকে ক্যাম্পাস হইতে বাহির করিয়া দেওয়ার পর হইতে তিনি আর ক্যাম্পাসে প্রবেশ করেন নাই।